

প্রথম আদ্যো

২৬ মার্চ ২০২৬, ১২ চৈত্র ১৪৩২, ৬ শাওয়াল ১৪৪৭

বৃহস্পতিবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd



স্মারক নংঃ ডিজিডিএ/ বিজ্ঞপ্তি/২৯-০২/০৯/৫২১৯

তারিখ : ২৫/০৩/২০২৬ খ্রি.

“সাপ্লিমেন্ট আমদানি সম্পর্কিত গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সাপ্লিমেন্ট সম্পর্কিত সকল আমদানিকারকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ মোতাবেক ডায়েটারী সাপ্লিমেন্ট, হারবাল সাপ্লিমেন্ট, নিউট্রিশনাল সাপ্লিমেন্ট, মেডিকেল নিউট্রিশন বা থেরাপিউটিক নিউট্রিশন বা খাদ্য পথ্য বা সম্পূরক পথ্য-জাতীয় পদসমূহ নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতীত উৎপাদন, আমদানি, রপ্তানি, বিক্রয়, বিতরণ, মজুদ বা প্রদর্শন করা দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, আমদানি পরবর্তী পণ্য খালাসসহ অন্যান্য জটিলতা নিরসনে ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতিরেকে ডায়েটারী সাপ্লিমেন্ট, হারবাল সাপ্লিমেন্ট, নিউট্রিশনাল সাপ্লিমেন্ট, মেডিকেল নিউট্রিশন বা থেরাপিউটিক নিউট্রিশন বা খাদ্য পথ্য বা সম্পূরক পথ্য-জাতীয় পদসমূহ আমদানির নিমিত্ত বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের তারিখ হতে Letter of Credit (LC)/ Telegraphic Transfer (TT) না খোলার জন্য আমদানিকারকগণসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে উক্ত তারিখের পর হতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতীত LC/ TT খোলা হলে কোন প্রকার ছাড়পত্র প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর